গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার আগস্ট, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ১৬/০৮/২০২২ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অং গ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র ঈদুল আযহা-২০২২ উৎসব সুষ্ঠুভাবে পালনে সকলেই সার্বিক সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>বিগত জুলাই, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২ | উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় সভাপতি জানান, জ্বালানী তেলের দাম স্বাভাবিক পর্যায়ে রাখা ও বিদ্যুৎ এর লোড সেডিং কমানোর জন্য সরকার নির্দেশনা জারী করেছে। চিকিৎসা সেবা ব্যতীত সকল দোকান রাত ৮.০০ টায় পর বন্ধ থাকবে। তিনি স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় দোকান রাত ৮.০০ টার পর দোকান বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউ.পি চেয়ারম্যানগণকে আহ্বান জানান এবং সিএনজি চালক সমিতির নেতৃবৃন্দের সহিত সভা আয়োজনের মাধ্যমে সিএনজি ভাড়া না বাড়ানোর জন্য সিএনজি চালক সমিতির নেতৃবৃন্দ একমত পোষন করেন।<br>উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে উন্মুক্ত আলোচনায় উপস্থিত চেয়ারম্যান, পারুয়া ইউ.পি জানান, তার ইউনিয়নে ৮ নং ওয়ার্ডে উপ-নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচন সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হওয়ায় প্রশাসন কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।<br>উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, দঃ রাঙ্গুনিয়া থানা জানান, দঃ রাঙ্গুনিয়া এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষায় জনপ্রতিনিধগণ প্রয়োজনীয় সহযোগিতা করে যাচ্ছেন মর্মে কৃতজ্ঞতা প্রকাশ করে রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম নিম্নরূপে জুলাই, ২০২২ পর্যন্ত অপরাধ চিত্র নিম্নমতে পেশ করেন। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশী টহল জোরদারকরণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামীদের গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান করা হয়। | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃনং | জুলাই,২০২২ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মাদক | ৫ | মোট=২১ টি মডেল থানা |
| ২ | নারী ধর্ষণ | - | |
| ৩ | সড়ক দুর্ঘটনা | ১ | |
| ৪ | অন্যান্য | ১৪ | |
| ৫ | অস্ত্র আইন | ১ | |
| | মোট | ২১ | |
| ১ | অপমৃত্যু | ১ | মোট= ৭ টি দঃ রাঙ্গুনিয়া থানা |
| ২ | প্রতারণা | ১ | |
| ৩ | মাদক | ২ | |
| ৪ | ছিনতাই | ১ | |
| ৫ | অন্যান্য | ২ | সর্বমোট=২৮ টি |
| | মোট | ৭ | |

উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় উভয় থানার অফিসার ইনচার্জ জানান, স্থানীয় জনপ্রতিনিধিগণ আইন-শৃঙ্খলা রক্ষায়

চলমান পাতা--২

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>উপজেলা সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান, দলীয় পরিচয়ে সন্ত্রাসী কর্মকান্ডে জড়িদের কোন প্রকার প্রশ্রয় দেয়া যাবে না। রাঙ্গুনিয়া বাসীর উন্নয়নে কোন অন্যায়কে প্রশ্রয় না দিয়ে জনকল্যাণ মূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে ঐক্যমত ভিত্তিতে কাজ করার জন্য সকলকে আহ্বান জানান।<br>থানার অপরাধ চিত্র বিষয়ে বিস্তারিত আলোচনায় পূর্বের তুলনায় মামলা সংখ্যা কমে আসছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করা হলে উপজেলার আরও অপরাধ কমে আসবে মর্মে উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয়। | | |
| ৩ | যানজট নিরসন ও মাত্রাতিরিক্ত গাড়ী ভাড়া আদায় সংক্রান্ত ঃ<br>উপজেলার যানজট বিষয়ে বিস্তারিত আলোচনায় ইউ,পি সচিব, রাজানগর ইউ,পি জানান, রানীরহাট বাজার অভ্যন্তরে প্রচুর যানযটের সৃষ্টি হয় এবং চেয়ারম্যান, শিলক ইউ,পি জানান, গোডাউন হতে শিলক পর্যন্ত সিএনজি চালকের মাত্রাতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রম চালাচ্ছে। বিস্তারিত আলোচনায় রানীরহাট বাজারসহ চট্টগ্রাম-কাপ্তাই সড়কে রাঙ্গুনিয়া উপজেলা অভ্যন্তরে শান্তিরহাট, গোডাউন, রোয়াজারহাট, মরিয়মনগর ও লিচুবাগান স্থান সমূহে যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামকে অনুরোধ করা হয় অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রম বন্ধ করার জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | যানজট নিরসন ও মাত্রাতিরিক্ত গাড়ী ভাড়া আদায় কার্যক্রম বন্ধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামসহ সংশ্লিষ্ট সকল। |
| ৪ | মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রন/রোধ সংক্রান্ত ঃ<br>মাদক ব্যবহার নিয়ন্ত্রণ ও মাদক পাচার সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা জানান, অবৈধ মাদক ব্যবহারকারীদের গড ফাদার রয়েছে। অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণের আন্তরিক সহযোগিতা কামনা করে পুলিশ বিভাগ অবৈধ মাদক ব্যবহারীদের জন্য সোচ্চার মর্মে সভাকে অবহিত করা হয়। বিগত মাসে পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষের সার্বিক সহযোগিতায় মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে জেল-হাজতে প্রেরণ করা হয়। জনপ্রতিনিধিগণ মাদক ব্যবসায়ীদের সঠিক তথ্য দিলে উপজেলায় মাদক ব্যবসা জিরো টলারেন্সে নিয়ে আসা যাবে মতামত ব্যক্ত করা হয়। | মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণকরণ, মাদক ব্যবসায়ীদের সঠিক তথ্য দেয়া ও চুরি/ডাকাতি রোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলা প্রশাসনসহ পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | ইভটিজিং সংক্রান্ত ঃ<br>ইভটিজিং সংক্রান্ত কার্যক্রম রোধকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলায় ইভটিজিং কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ইভটিজিং কার্যক্রমের সহিত জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিণ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম এবং স্থানীয় জনপ্রতিনিধিদের অনুরোধ করা হয়। | উপজেলার ইভটিজিং কার্যক্রম বন্ধ ও জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ জনচলাচলে সার্বিক নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ বিভাগ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | বিদ্যুৎ সরবরাহ ও বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত ঃ<br>উপজেলার বিদ্যুৎ সরবরাহ ও বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাঙ্গুনিয়া জোনাল অফিস সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় পরিমিত লোড সেডিং কমে আসছে এবং সন্তোষজনক ভাবে বিদ্যুৎ বিল আদায় হয়। সরকারী নিদেশনা বাস্তবায়নে প্রশাসন কর্তৃপক্ষসহ সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে রাত ৮.০০ টার পর হতে ঔষধ দোকান ব্যতীত সকল মার্কেট বন্ধ করার জন্য উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করে নিরবচ্ছিন বিদ্যুৎ সরবরাহ করার প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করে জনপ্রতিনিধিদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, লোড সেডিং কমানো ও নামাজের সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিদ্যুৎ কর্তৃপক্ষকে সহযোগিতা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | **রোহিঙ্গা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভাপতি উপজেলার রোহিঙ্গা অবস্থা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় তিনি জানান, উপজেলায় রোহিঙ্গা অবস্থানের বিষয়ে সঠিক তথ্য পাওয়া গেলে সরেজমিনে তদন্ত সাপেক্ষে প্রশাসন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। উপজেলায় কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে সতর্ক নজর রাখার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানানো হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলায় কোন রোহিঙ্গা অবস্থান করলে উপজেলা প্রশাসনকে অবহিতকরণসহ ভোটার না করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unorangunia@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২২-৭৯৮

তারিখ: ০১ ভাদ্র, ১৪২৯ বঃ / ১৬ আগস্ট, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(১-৪) সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,.........................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ............................... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব ............................................................................. রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, একুশে পত্রিকা, চট্টগ্রাম।
১১। অফিস নথি।